# চলুন আপনাকে নিয়ে কথা বলি

Partner Services
(সঙ্গী সম্পর্কিত পরিষেবাদি)

যদি আপনাকে বলা হয় আপনার sexually transmitted disease (যৌনবাহিত রোগ, STD) এবং/অথবা Human Immunodeficiency Virus (হিউম্যান ইমিউনো-ডেফিসিয়েন্সি ভাইরাস, HIV) আছে, তাহলে আপনার স্বাস্থ্য সেবা প্রদানকারী এবং স্বাস্থ্য বিভাগের সঙ্গী সম্পর্কিত পরিষেবাদি কর্মসূচি থেকে কোনও ব্যক্তি আপনার সঙ্গে রোগ সঞ্চারন এবং প্রতিরোধ নিয়ে কথা বলবে। তারা আপনাকে আপনার যৌন সঙ্গীদের সম্পর্কে জিজ্ঞাসা করবেন যারা হয়তো সংক্রমণের সম্মুখীন হয়েছেন। যদি আপনি মাদকদ্রব্য ব্যবহার করেন, তাহলে আপনার ছুঁচ ভাগ করার অভ্যাস এবং বিচার বা বৈষম্য না করে সঙ্গীদের নির্বাচন সম্বন্ধে জিজ্ঞাসা করা হবে।

# এটা Partner Services (সঙ্গী সম্পর্কিত পরিষেবাদি, PS)।

Partner Services Department of Health (স্বাস্থ্য বিভাগে)-র একটি বিনামূল্যের, গোপনীয় এবং ঐচ্ছিক কর্মসূচি যা এমন অনেক পরিষেবার প্রস্তাব দেয় যেগুলি কম্যুনিটিতে STD এবং HIV-র বিস্তার কমাতে সাহায্য করে। Partner Services-র কর্মী সিফিলিস, গনোরিয়া, ক্ল্যামিডিয়া এবং/অথবা HIV সংক্রমণ থাকা ব্যক্তিদের সঙ্গে কাজ যাতে যাতে অন্যান্যদের কাছে পৌঁছানো যায় যারা এই সংক্রমণগুলির মুখোমুখি হতে পারে। এছাড়াও Partner Services-র কর্মী রোগী/সঙ্গীর রোগের স্ক্রীনিং এবং চিকিৎসার জন্য সহায়তার প্রস্তাব দেয়, রেফারেলের ব্যবস্থা করে এবং কিভাবে সংক্রামিত হওয়ার থেকে নিজেকে এবং নিজের যৌন সঙ্গী এবং/অথবা ছুঁচ ভাগ করার সঙ্গীকে রক্ষা করতে হবে তার তথ্য প্রদান করে।

# আমার কেন অংশগ্রহণ করা উচিত?

আপনার কোনও STD এবং/অথবা HIV আছে কিনা তা জানা কষ্ঠসাধ্য হতে পারে। কিছু মানুষ রাগান্বিত, ভীত, অপ্রস্তুত বা লজ্জিত বোধ করতে পারেন। আপনার সঙ্গীদের কিভাবে বলবেন সে বিষয়ে সিদ্ধান্ত নেওয়া আরেকটি সমস্যা যা আপনাকে সামলাতে হবেই অথচ সেটাও কঠিন হতে পারে। কিছু মানুষ তাদের যৌন জীবন বা মাদকদ্রব্যের ব্যবহার নিয়ে কথা বলতে স্বচ্ছন্দবোধ করেন। তবে, যখন আপনার কোনও STD এবং/অথবা HIV থাকে, তখন Partner Services-র সঙ্গে কথা বলাটা অত্যন্ত গুরুত্বপূর্ণ কারণ তারা আপনাকে বিচক্ষণতার সঙ্গে, ব্যক্তিগতভাবে এবং গোপনীয়তার সঙ্গে আপনার সঙ্গীকে বিষয়টি জানানোর জন্য আপনাকে সাহায্য করতে পারে। যখন লোকেরা জানতে পারে তারা কোনও সংক্রমণের সম্মুখীন হয়েছে এবং তার পরীক্ষা ও চিকিৎসা করায়, তখন তা রোগটির ছড়িয়ে যাওয়া কমাতে এবং কম্যুনিটিতে সুস্বাস্থ্যকে উৎসাহ দান করতে সাহায্য করে।

# আপনি হয়তো নিজেকে জিজ্ঞাসা করতে পারেন, "আমার যত্ন নেওয়া উচিত কেন?"

- আপনার পুনরায় সংক্রামিত হওয়ার সম্ভাবনা ছাড়া, আপনার সঙ্গীদের সঙ্গে অন্য যে ব্যক্তিরা যৌন সম্পর্ক স্থাপন করছে তারাও সংক্রমিত হতে পারেন। যদি আপনার সঙ্গীর চিকিৎসা না করানো হয়, তাহলে রোগটি তার সঙ্গে অন্যান্য ব্যক্তিদের কাছেও সঞ্চারিত হবে এবং এটি একজন মায়ের থেকে তার সন্তানের কাছে গর্ভাবস্থায় অথবা জন্মের সময় সঞ্চারিত হতে পারে।
- কিছু STD এর কোনো উপসর্গ থাকে না তবে চিকিৎসা না করা হলে গুরুতর দীর্ঘমেয়াদী স্বাস্থ্য সমস্যার কারণ হতে পারে। HIV-র উপসর্গগুলি অনেক বছর ধরে নাও দেখা দিতে পারে। গোড়ার দিকে STD এবং/অথবা HIV রোগনির্ণয় এবং চিকিৎসার অর্থ হল আরও দীর্ঘ এবং আরও সুস্থ জীবন।
- প্রাথমিক ধাক্কার পরে, Partner Services-র দ্বারা যোগাযোগ করা অনেক ব্যক্তিই জানিয়েছেন যে তারা সংক্রমণের সম্মুখীন হতে পারে একথা তাদের জানানোয় তারা খুশি হয়েছেন। তারা কম্যুনিটিতে অন্যদের সংক্রমণ ছড়িয়ে দেওয়া রোধ করার সময় পরীক্ষা করাতে, চিকিৎসা করতে, অন্যান্য পরিষেবাদি নিতে এবং নিজেদের যত্ন নিতে সক্ষম।
- যদি আপনার STD এবং/অথবা HIV থাকে, তাহলে আপনি এখনই Partner Services-র সঙ্গে কথা বলতে পারেন এবং আপনি তাদের সঙ্গে ভবিষ্যতে যোগাযোগ করতে পারেন যদি আপনার নতুন সঙ্গী হয় এবং তাদের রোগের সম্মুখীন হওয়ার সম্ভাবনা সম্পর্কে জানানোর প্রয়োজন হয়।

***"যখন স্বাস্থ্য বিভাগ আমার দরজায় এসে উপস্থিত হয়েছিল তখন আমি খুবই আশ্চর্য আর বিপর্যস্ত হয়ে পড়েছিলাম কিন্তু প্রথম অপ্রস্তুত ভাবটা কাটিয়ে উঠি আর পরীক্ষা করাই। আমি কোনদিনই জানব না কারা আমার নাম দিয়েছিল কিন্তু তারা দিয়েছিল বলে আমি কৃতজ্ঞ।"***

# Partner Services সহায়তার প্রকার:

- **অপরিচিত তৃতীয় পক্ষের সতর্কিকরণ**

  স্বাস্থ্য বিভাগের কোনও একজন আপনার সঙ্গীদের আপনার প্রদান করা তথ্য ব্যবহার করে STD/HIV-র সম্মুখীন হওয়ার বিষয়ে অবহিত করবে। ইন্টারনেটের মাধ্যমেও Partner Services-র কর্মী তৃতীয় পক্ষের দ্বারা অবহিত করার পদ্ধতিটি সম্পূর্ণ করা হতে পারে। আপনার নাম এবং পরিচয় কখনই আপনার সঙ্গীদের সঙ্গে ভাগ করা হবে না। তারা শুধু জানবেন যে তারা কোনও STD এবং/অথবা HIV রোগের সম্মুখীন হয়েছেন এবং তাদের মুখোমুখি হওয়া রোগের পরীক্ষা ও চিকিৎসা করানোর জন্য বিকল্পগুলি প্রদান করা হবে।

- **দ্বৈত ঘোষণা**

  Partner Services-র কর্মীর সহায়তা নিয়ে আপনি আপনার সঙ্গীকে জানান। Partner Services সম্পূর্ণ প্রক্রিয়াটিতে আপনার পাশে থাকবে এবং আপনার সঙ্গীর প্রশ্নগুলির উত্তর দিতে পারে। এই পদ্ধতিটি অত্যন্ত কার্যকর হতে পারে, যেহেতু আপনার কাছে রোগের সম্মুখীন হওয়ার বিষয়ে আপনার সঙ্গীকে পরীক্ষা করতে বলার এবং চিকিৎসার বিকল্পগুলির জন্য নির্দেশ দেওয়ার সব প্রকৃত সত্য বা তথ্য নাও থাকতে পারে।

- **নিজের ঘোষণা**

  আপনি আপনার সঙ্গীদের অবহিত করুন এবং তাদের পরীক্ষা করানোর এবং চিকিৎসা পরিষেবাগুলি নেওয়ার জন্য উৎসাহিত করুন। Partner Services আপনি কী বলতে চলেছেন তা পরিকল্পনা করতে এবং অনুশীলন করতে সাহায্য করবে। কিছু মানুষ এই পদ্ধতিটি পছন্দ করেন কিন্তু এটি আপনার পরিচয়কে সুরক্ষিত রাখে না। আপনি যে সঙ্গীদের নিজে ঘোষণা করছেন তাদের নেগেটিভ প্রতিক্রিয়াগুলি আপনাকে সামলাতে হতে পারে। নিজে জানানোর ক্ষেত্রে আপনার ভাল উদ্দেশ্য থাকলেও, বিভিন্ন ঘটনা ঘটে; সময়টা ঠিক নাও হতে পারে; আপনি আপনার সঙ্গীকে আর নাও দেখতে পারেন; অথবা যখন আপনি দেখবেন, আপনি হয়তো সঠিক কথাটি বলার ভাষা খুঁজে পাবেন না। যদি আপনি নিজে-ঘোষণার পদ্ধতিটি চালিয়ে যেতে না পারেন, আপনি এবং Partner Services পরিকল্পনাটি পুনঃপরিদর্শন করতে পারে এবং তারা আপনার জন্য সঙ্গীদের সঙ্গে যোগাযোগ করতে পারে।

> ***"আমি ওকে বলতে চেয়েছিলাম...***
> ***কিন্তু আমি খুব ভয় পেয়ে গেছিলাম আর ওটা করতেই পারিনি।"***

# STD/HIV অপসারণে আমাদের সবার একটি ভূমিকা আছে।

Partner Services আপনাকে সাহায্য করতে পারে। New York State Health Department Partner Services কর্মসূচিতে যোগাযোগ করুন:

| | |
|---|---|
| Long Island Region | 1-800-462-6786 |
| New Rochelle Region | 1-800-828-0064 |
| Capital District Region | 1-800-962-5065 |
| Central New York Region | 1-800-562-9423 |
| Rochester Region | 1-800-962-5063 |
| Buffalo Region | 1-800-962-5064 |

স্থানীয় স্বাস্থ্য বিভাগের ফোন নম্বর এবং আরও তথ্য
www.health.ny.gov/diseases/communicable/std/partner_services তে পাওয়া যাবে

NEW YORK STATE | Department of Health